

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভাস্থান সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্বারক নথি: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২৩.১০০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০
১৩ আগস্ট ২০২৩

বিষয়: বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে চাল এর অতিরিক্ত বরাদ্দ প্রদান।

সূত্র: খাদ্য অধিদপ্তরের স্বারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৩.৫৬১.২৩.১৮৩; তারিখ: ০৭/০৮/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্বারকের পরিপ্রেক্ষিতে ২,০০,০০০ (দুই লাখ) মেটন চালের অতিরিক্ত বরাদ্দ নিয়ন্ত্রিত শর্তে নির্দেশকৃত প্রদান করা হলো :

- ১। যে সকল মিল চলতি বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে চুক্তির শতভাগ প্রতিপালন করেছে কেবল তাদের অনুকূলে অতিরিক্ত বরাদ্দ প্রদান করতে হবে;
- ২। আশে চুক্তি সম্পাদনকারী মিল আশে বরাদ্দ পাবে;
- ৩। চুক্তি শতভাগ প্রতিপালনকারী মিলসমূহ চলতি বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে যে পরিমাণ চাল সরবরাহ করেছে তার বিপরীতে আনুপাতিক হারে নতুন বরাদ্দ প্রদান করতে হবে। চুক্তি শতভাগ প্রতিপালনকারী মিলসমূহের তালিকা করে তাদের সরবরাহকৃত চালের পরিমাণের বিপরীতে আনুপাতিক হারে বরাদ্দ বিভাজন করতে হবে। অর্থাৎ চুক্তি প্রতিপালনকারী মিলের সরবরাহকৃত চালের সমষ্টির ভিত্তিতে আনুপাতিক হারে প্রশাসনিক বিভাগের অনুকূলে অতিরিক্ত বরাদ্দ প্রদান করতে হবে;
- ৪। উল্লিখিত ০২ (দুই) লক্ষ মেটন চালের মধ্যে ২০ (বিশ) হাজার মেটন আতপ চাল সংগ্রহ করতে হবে। আতপ চাল সিলেট বিভাগ হতে ১২ (বারো) হাজার মেটন ও চট্টগ্রাম বিভাগ হতে ৮ (আট) হাজার মেটন সংগ্রহ করতে হবে;
- ৫। ৪ নং ক্রমিকে বর্ণিত ২০ (বিশ) হাজার মেটন আতপ চাল বরাদ্দ দেয়ার পরে চট্টগ্রাম ও সিলেট বিভাগের অতিরিক্ত প্রাপ্ত খাকলে অতিরিক্ত অংশটুকু (পরিমাণ) সিঙ্ক চাল সংগ্রহ করবে। সিলেটের আতপের বরাদ্দ ১২ (বারো) হাজার মেটন ও চট্টগ্রামের আতপের বরাদ্দ ৮ (আট) হাজার মেটন বহাল রেখে বাকী ১,৮০,০০০ (এক লক্ষ আশি হাজার) মেটন আনুপাতিক হারে বরাদ্দ প্রদান করতে হবে;
- ৬। চাল সংগ্রহের মেয়াদ আগামী ১৪/০৯/২০২৩ খ্রি, তারিখ পর্যন্ত বৃক্ষি করা করা হলো;
- ৭। সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক জেলা কমিটিকে অবহিত করে বরাদ্দ প্রদান করবেন;
- ৮। সকল ক্ষেত্রে চালের মান বিনির্দেশ সম্মত হতে হবে;
- ৯। কোনোক্রমেই মিলের পাকিক ছাটাই ক্ষমতার অতিরিক্ত বরাদ্দ প্রদান করা যাবে না। চাল সংগ্রহের ক্ষেত্রে নীতিমালার অন্যান্য বিধানাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

১৪-৮-২০২৩

আরিফুল ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)